# আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট
## ঢাকা সেনানিবাস
## তারিখঃ ২৬ জানুয়ারি ২০২৬

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট (এএফএমআই)**
**১ম বর্ষ ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি**

১। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এএফএমআই'তে ০৪ (চার) বছর মেয়াদী বিএসসি ইন নার্সিং কোর্সে (১৮তম ব্যাচ) ছাত্রী ভর্তি করা হবে।

২। **প্রার্থীর যোগ্যতাঃ**

ক। বয়সঃ ১৭ হতে ২২ বছর (০১ জুলাই ২০২৫)।

খ। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

গ। এসএসসি/সমমান পরীক্ষায় ২০২১, ২০২২ অথবা ২০২৩ সালে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় ২০২৩, ২০২৪ অথবা ২০২৫ সালে বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ হতে হবে। এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় সম্মিলিত জিপিএ (GPA) নূন্যতম ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ (GPA) ৩.০০ এর নিচে গ্রহনযোগ্য নয়। এইচএসসি পরীক্ষায় জীববিজ্ঞানে নূন্যতম (GPA) ৩.০০ থাকতে হবে। যারা O-Level/A-Level পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কশিটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএ-তে রূপান্তরিত করে Equivalent Certificate সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন।

| | | | |
|---|---|---|---|
| ঘ। | উচ্চতা | ঃ | ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি) নূন্যতম। |
| | ওজন | ঃ | ৩৯.৯২ কেজি (৮৮ পাউন্ড) নূন্যতম। |
| | বুকের মাপ | ঃ | স্বাভাবিক ৬৬.০৪ সে.মি. (২৬ ইঞ্চি) নূন্যতম।<br>প্রসারিত ৭১.১২ সে.মি. (২৮ ইঞ্চি) নূন্যতম। |

ঙ। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত (কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত অবিবাহিত থাকা আবশ্যক)।

৩। **ভর্তির আবেদন এবং পরীক্ষার নিয়মাবলীঃ**

ক। আবেদন ফি : **৭০০.০০ (সাতশত) টাকা (অফেরতযোগ্য)।**

খ। অনলাইনে আবেদন শুরুর তারিখ : **২৬ জানুয়ারি ২০২৬**

গ। অনলাইনে আবেদনের শেষ তারিখ : **২৪ ফেব্রুয়ারি ২০২৬**

**https://www.afmibd.net** এই Website এ আবেদন করা যাবে (আবেদন সংক্রান্ত নীতিমালা এএফএমআই এর ওয়েবসাইটে বিস্তারিত দেয়া আছে)। উল্লেখ্য, অনলাইনে আবেদনের ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে সশরীরে এএফএমআই এসে আবেদন করা যাবে।

ঘ। অনলাইনে প্রবেশপত্র সংগ্রহের তারিখ : **০১ মার্চ ২০২৬ হতে ০৫ মার্চ ২০২৬ পর্যন্ত**
(এএফএমআই ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে)

ঙ। ভর্তি পরীক্ষার তারিখ ও সময় : **০৬ মার্চ ২০২৬ তারিখ (শুক্রবার), ১০০০-১১০০ ঘটিকা**
**(MCQ)** পদ্ধতিতে ০১ (এক) ঘন্টার ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা এএফএমআই এর তত্ত্বাবধানে **শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, ঢাকা সেনানিবাসে** অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করতঃ ডাক্তারী ও মৌখিক পরীক্ষার জন্য নির্বাচন করা হবে এবং ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

চ। এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং শিক্ষার্থীর **MCQ** পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্তভাবে শিক্ষার্থী নির্বাচন করা হবেঃ

(১) এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৫ গুণিতক = ২৫ নম্বর (সর্বোচ্চ)

(২) এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৫ গুণিতক = ২৫ নম্বর (সর্বোচ্চ)

(৩) **MCQ** পরীক্ষা= ১০০ নম্বর, সর্বমোট = (২৫+২৫+১০০) = ১৫০ নম্বর

৪। **পশ্চাৎপদ জনগোষ্ঠীর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) জন্য মোট আসনের শতকরা ০১ ভাগ সংরক্ষিত থাকবে। তবে, সংরক্ষিত আসনে উপযুক্ত শিক্ষার্থী পাওয়া না গেলে সাধারণ মেধাক্রমের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।**

৫। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬। নির্বাচিত শিক্ষার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

৭। **প্রশিক্ষণ চলাকালীন সুযোগ-সুবিধা ও বিধি-নিষেধঃ**

ক। এএফএমআই এর নির্ধারিত বাসস্থানে বিনামূল্যে আবাসনের সুব্যবস্থা।

খ। এএফএমআই এর তত্ত্বাবধানে বিনামূল্যে আহারের সুব্যবস্থা।

গ। অধ্যয়নকালীন সময়ে ড্রেসকোড অনুযায়ী পোশাক পরিধান করতে হবে।

ঘ। প্রশিক্ষণ চলাকালীন বাংলাদেশ নার্সিং কাউন্সিল এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) কর্তৃক প্রদত্ত বিধান ও অত্র প্রতিষ্ঠানের নিয়ম শৃংখলা যথাযথভাবে মেনে চলতে হবে।

ঙ। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করতে পারবে না।

মোঃ মোজাক্কেরুল আল-আমিন
মেজর
এ্যাডজুটেন্ট
এএফএমআই, ঢাকা সেনানিবাস

# অনলাইনে আবেদন পূরণের নিয়মাবলী

**Step-1**: https://www.afmibd.net website এ প্রবেশ করে admission option এ ক্লিক করে sign up now তে ক্লিক করে নাম, ইমেইল ও mobile number দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করে নিতে হবে।

**Step-2**: রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে গেলে পূণরায় admission tab এ গিয়ে registered mobile number দিয়ে OTP কোডের মাধ্যমে Log in করতে হবে। Log in হলে স্বয়ংক্রিয়ভাবে profile দেখাবে।

**Step-3**: পূণরায় admission option এ গিয়ে select course type থেকে “Course for Nurses” option এ click করে BSc in Nursing option click করে save and continue তে ক্লিক করে personal information গুলো ফিল আপ করতে হবে।

**Step-4**: Present ও Permanent address ফিল আপ করে save and continue বাটনে click করতে হবে।

**Step-5**: Guardian এর তথ্য যথাযথভাবে পূরণ করে save and continue বাটনে ক্লিক করতে হবে।

**Step-6**: Educational qualification এর তথ্য পূরণ করে save and continue বাটনে ক্লিক করতে হবে।

**Step-7**: Passport size এর ছবি, Signature, SSC Marksheet, HSC Marksheet, জাতীয়তার সনদপত্র, জন্ম সনদপত্র ও মুক্তিযোদ্ধা সনদপত্র (যদি থাকে) Upload করে Save and continue বাটনে ক্লিক করতে হবে (Size সর্বোচ্চ 512 KB)।

**Step-8**: Terms and condition এ (✓) দিতে হবে। Print/download application হতে applicant Copy প্রিন্ট করে নেয়া যাবে। Submit and continue দিয়ে পরবর্তী ধাপে যেতে হবে।

**Step-9**: Make Payment এ ক্লিক করে debit/credit card এর মাধ্যমে payment করা যাবে অথবা Mobile banking এ ক্লিক করে Bkash, Nagad, Upay, Rocket এর মাধ্যমে payment করা যাবে।

**Step-10**: Admit card download; AFMI website এর registered mobile number দিয়ে login করে student profile থেকে admit card download করা যাবে।